

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা (জানুয়ারী, ২০১৫-জুন, ২০১৬) এর অনুকরণীয় উৎকৃষ্ট অনুশলীন (Best Practices)

রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশকে একটি সুখী, সমৃদ্ধ সোনার বাংলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছেন। এই কৌশল বাস্তবায়নের নিমিত্তে সরকারের সকল প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রণয়ন করছে। বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ঐকান্তিকভাবে বাস্তবায়ন করে যাচ্ছে।

বিআইসিএম এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট রয়েছে এবং নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার বিষয়ে আলোচনা করা হয় এবং কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক ধারণা প্রদান করা হয়। এছাড়াও কর্মচারীদের অফিস উপস্থিতি সহ ইন্সটিটিউটের সকল কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা হয়। নিচে শুদ্ধাচার প্রতিষ্ঠায় বিআইসিএম এর প্রচেষ্টা সম্পর্কে তথ্য তুলে ধরা হলোঃ

১. শুদ্ধাচার প্রতিপালনে কর্মচারীদের মাঝে প্রেষণা তৈরিঃ

ব্যক্তি ও কর্মজীবনে কর্মচারীদের শুদ্ধাচার প্রতিপালনে উৎসাহী করতে কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হয়। বিআইসিএম এর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার (জানুয়ারী, ২০১৫- জুন, ২০১৬) আওতায় বিআইসিএম এর কর্মচারীদের ধর্ম ও নৈতিকতা, আচরণ ও শৃঙ্খলা, জাতীয় শুদ্ধাচার কৌশল, সরকারী কর্মচারী আচরণবিধি, নিয়মানুবর্তিতা ও পরিচ্ছন্নতা, গণ কর্মচারী শৃঙ্খলা অধ্যাদেশ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একইসাথে কর্মীদের মাঝে প্রেষণা তৈরিতে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।

২. ইন্সটিটিউটের শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের শুদ্ধাচার প্রতিপালনে উদ্বুদ্ধকরণঃ

ইন্সটিটিউটের শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের শুদ্ধাচার বিষয়ে ধারণা প্রদান করা হয়। শুদ্ধাচার বিষয়ক একটি মডিউল ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। যা শিক্ষার্থীদের ব্যক্তিগত জীবন ও কর্মক্ষেত্রে শুদ্ধাচার প্রতিপালনে উদ্বুদ্ধ করছে।

৩. এনআইএস বিষয়ক গবেষণাঃ

জাতীয় পরিসরে আর্থিক সেক্টরে শুদ্ধাচার পালনের গুরুত্ব বিবেচনায় শুদ্ধাচার বিষয়ক একটি গবেষণা প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। গবেষণা প্রস্তাবের শিরোনাম: সরকারি আর্থিক প্রতিষ্ঠান সমূহে তথ্য অধিকার আইনের বাস্তবায়ন ও কার্যকারিতা মূল্যায়ন।

৪. ডিজিটাইজেশনঃ

প্রতিষ্ঠানে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের একটি প্রধান উপকরণ হলো ডিজিটাইজেশন। ইন্সটিটিউটে দাপ্তরিক যোগাযোগ ও কার্যক্রম পরিচালনায় ল্যান (লোকাল এরিয়া নেটওয়ার্ক) ব্যবহার করা হচ্ছে। শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি এবং ইন্সটিটিউট প্রদত্ত অন্যান্য সেবা (বিভিন্ন আবেদনপত্র ও ফরম) ইন্সটিটিউটের ওয়েবসাইটে প্রদান করা হচ্ছে। পর্যায়ক্রমে ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সকল সেবা ই-সেবায় পরিণত করা হচ্ছে এবং প্রশাসনকে ই-প্রশাসনে রূপান্তরিত করা হচ্ছে।